

১৮তম বেসরকারি শিক্ষক নিবন্ধন (কলেজ পর্যায়)

পদের নাম: সহকারী শিক্ষক

তারিখ: ১৫.০৩.২০২৪; সময়: ১ ঘণ্টা; পূর্ণমান: ১০০

01. পুণ্ড্রনগর কোন জেলায় অবস্থিত?

- a) কুমিল্লা b) নওগাঁ
c) বগুড়া d) দিনাজপুর **ans. C**

Solution: প্রাচীন পুণ্ড্রনগর বগুড়ার মহাস্থান গড়ে অবস্থিত। এটি প্রাচীন বাংলার সবচেয়ে সমৃদ্ধ জনপদ পুণ্ড্র রাজধানী। বর্তমান বগুড়া, রাজশাহী, রংপুর ও দিনাজপুর অঞ্চল নিয়ে গঠিত ছিল পুণ্ড্র জনপদ।

02. বাংলাদেশের সর্ববৃহৎ বায়ু বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?

- a) কক্সবাজার b) নোয়াখালী
c) বরগুনা d) ভোলা **ans. A**

Solution: কক্সবাজারে ৬০ মেগাওয়াট বায়ু বিদ্যুৎ কেন্দ্র স্থাপিত হয়েছে। এটি বাংলাদেশের বৃহত্তম বায়ু বিদ্যুৎ কেন্দ্র। ২০২৩ সালের ২৪ মে হতে এই প্রকল্প থেকে উৎপাদিত ৩০ মেগাওয়াট বিদ্যুৎ সঞ্চালন লাইন সংযুক্তের কাজ শুরু হয়েছে।

03. পুলিশী সাহায্য পাওয়ার শর্টকোড কোনটি?

- a) ১০৬ b) ৩৩৩
c) ৯৯৯ d) ১২১ **ans. C**

Solution: পুলিশী সাহায্য বা জরুরি সেবার হেল্পলাইনের নম্বর হলো ৯৯৯। সরকারি তথ্য ও সেবার হেল্পলাইনের নম্বর হলো ৩৩৩। দুদকের হেল্পলাইনের নম্বর হলো ১০৬। ১২১ বিভিন্ন মোবাইল অপারেটরের কাস্টমার কেয়ার নম্বর।

04. দেশের প্রথম টানেলের দৈর্ঘ্য কত কিলোমিটার?

- a) ২.৪৫ b) ৩.৩২
c) ৩.৪০ d) ৩.৪৩ **ans. B**

Solution: চীনের বাণিজ্য নগরী সাংহাইয়ের 'ওয়ান সিটি টু টাউন'র আদলে গড়ে তোলা হয়েছে কর্ণফুলি টানেল বা বঙ্গবন্ধু টানেল। উল্লেখ্য, কর্ণফুলি টানেলের দৈর্ঘ্য ৩.৪০ কিলোমিটার। চট্টগ্রামের কর্ণফুলি নদীর তলদেশে নির্মিত হয়েছে দেশের প্রথম বঙ্গবন্ধু টানেল। এই টানেলটি চালু করা হয় ২৮ অক্টোবর ২০২৩ সালে।

05. বাংলাদেশের সর্ববৃহৎ গণহত্যাটি কোথায় হয়?

- a) আসামদিয়া b) মোহাম্মদপুর বিধবা পল্লী
c) চুকনগর d) রায়ের বাজার **ans. C**

Solution: বাংলাদেশের বৃহত্তম গণহত্যা চুকনগর গণহত্যা। গণহত্যাটি ১৯৭১ সালের ২০ মে খুলনার ডুমুরিয়া উপজেলার চুকনগরে ঘটে যা বিশ্বের কোনো মুক্তিযুদ্ধের ইতিহাসে সর্ববৃহৎ একক গণহত্যা।

06. ভারত কর্তৃক সম্প্রতি চাঁদে প্রেরিত চন্দ্রযানের নাম কী?

- a) চন্দ্রযান- ৩ b) চন্দ্রযান- ২
c) বিক্রম d) অশোক **ans. A**

Solution: ২৩ আগস্ট ২০২৩ সালে ভারতের নভোযান 'চন্দ্রযান-৩' চাঁদে সফলভাবে অবতরণ করে। উল্লেখ্য, রাশিয়া ১১ আগস্ট ২০২৩ সালে 'চন্দ্রযান লুনা-২৫' চাঁদে পাঠায় কিন্তু, এটি নিয়ন্ত্রণ হারিয়ে চাঁদেই বিধ্বস্ত হয়।

07. সার্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল- ২০২৩ পাস হয় কবে?

- a) ১৪ জানুয়ারি- ২০২৩
b) ২৪ জানুয়ারি- ২০২৩
c) ১৫ অক্টোবর- ২০২৩
d) ২৫ অক্টোবর- ২০২৩ **ans. B**

Solution: সার্বজনীন পেনশন ব্যবস্থাপনা বিল- ২০২৩ পাস হয় ২৪ জানুয়ারি- ২০২৩। দেশের মানুষের জন্য সার্বজনীন পেনশন কর্মসূচি (স্কিম) চালু করছে সরকার। এই কর্মসূচির উদ্দেশ্য দেশের নাগরিকদের পেনশন ব্যবস্থার আওতায় আনা। সার্বজনীন পেনশন কর্মসূচিতে ৪টি স্কিম রাখা হয়েছে। এগুলো হলোঃ

প্রবাস স্কিম	প্রবাসী বাংলাদেশি নাগরিক প্রবাস স্কিমের আওতায়।
প্রগতি স্কিম	বেসরকারি কর্মচারী বা প্রতিষ্ঠান প্রগতি স্কিমের আওতায়।
সুরক্ষা স্কিম	স্বকর্ম ও অ-প্রতিষ্ঠানিক কর্মী সুরক্ষা স্কিমের আওতায়।
সমতা স্কিম	স্বল্প আয়ের ব্যক্তি সমতা স্কিমের আওতায় সার্বজনীন পেনশন ব্যবস্থায় অংশগ্রহণ করতে পারবে।

08. "আমার দেখা নয়াচীন" কে লিখেছেন?

- a) মাওলানা ভাসানী b) শেখ মুজিবুর রহমান
c) শহীদুল্লা কায়সার d) আবুল ফজল **ans. B**

Solution: 'আমার দেখা নয়া চীন' বইটির লেখক হলেন শেখ মুজিবুর রহমান (বঙ্গবন্ধুর ৩য় গ্রন্থ)। তিনি রাজবন্দী থাকা অবস্থায় ১৯৫৪ সালে এই গ্রন্থটি রচনা করেন। উল্লেখ্য, ১৯৫২ সালের অক্টোবরে গণচীনের পিকিংয়ে অনুষ্ঠিত এশীয় ও প্রশান্ত মহাসাগরীয় শান্তি সম্মেলন উপলক্ষে শেখ মুজিবের চীন ভ্রমণের অভিজ্ঞতা নিয়ে রচিত হয়। গ্রন্থটির ভূমিকা লেখেন শেখ হাসিনা (৭ ডিসেম্বর ২০১৯)। বইটির প্রকাশক হলো বাংলা একাডেমি। আর ইংরেজি অনুবাদক হলেন ড. ফখরুল আলম; ইংরেজি নাম হলো 'New China-1952'.

09. 'সিন্দুরী' বাংলাদেশের কৃষিক্ষেত্রে কীসের নাম?

- a) বেগুন b) আম
c) আলু d) টমেটো **ans. C**

Solution: কিছু উন্নতজাতের আলুর নামঃ কুফরী সিন্দুরী, মুরটা, প্যাট্রোনিস, কার্ডিনাল, ডায়মন্ড, মরিনি ইত্যাদি।

10. জাতীয় পতাকা ১৯৭১ সালের কোন তারিখে প্রথম উত্তোলিত হয়?

- a) ২৬ মার্চ b) ২৫ মার্চ
c) ৭ মার্চ d) ২ মার্চ **ans. D**

Solution: ১৯৭১ সালের ২ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের পশ্চিম দিকের গেটে প্রথমবারের মতো পতাকা উত্তোলন করেন ছাত্রনেতা আ.স.ম আবদুর রব। আর ভারতের কলকাতা হু বাংলাদেশ মিশনে এম. হোসেন আলী ১৮ এপ্রিল ১৯৭১ সালে বাংলাদেশের পতাকা প্রথম উত্তোলন করেন।

11. ২০২৩ সালে শান্তিতে নোবেল লাভ করেন কে?

- a) নার্গিস মোহাম্মদী b) প্রফেসর আবদুস সালাম
c) নাগিব মাহফুজ d) শিরিন এবাদী **ans. D**

Solution: ইরানের নারী নিপীড়নের বিরুদ্ধে এবং সবার জন্য মানবাধিকার ও স্বাধীনতার লড়াইয়ে অবদান রাখার জন্য শান্তিতে নোবেল পুরস্কার পান নার্গিস মোহাম্মদী (ইরান)।

12. বান্দুং শহরটি কোন দেশে অবস্থিত?

- a) চীন b) ইন্দোনেশিয়া
c) মালয়েশিয়া d) যুগোস্লাভিয়া **ans. B**

Solution: বান্দুং হল ইন্দোনেশিয়া এর জাভা দ্বীপ এর পশ্চিম জাভা রাজ্য বা প্রদেশ এর রাজধানী ও বৃহত্তম প্রদেশ।

13. গ্রিন পিস কী?

- a) জাতীয়বাদী সংগঠন b) রাজনৈতিক সংগঠন
c) মানবতাবাদী সংগঠন d) পরিবেশবাদী সংগঠন **ans. D**

Solution: 'গ্রিনপিস' আন্তর্জাতিক পরিবেশবাদী সংগঠন। উল্লেখ্য, 'গ্রিনপিস' এর সদরদপ্তর নেদারল্যান্ডের আর্মস্টারডামে। যুক্তরাষ্ট্রের দ্বিতীয় পারমাণবিক পরীক্ষা বন্ধের প্রতিবাদে ১৯৭১ সালে কানাডার ভ্যাঙ্কুভারে Don't make a wave committee গঠিত হয়। পরবর্তীতে এর নাম পরিবর্তন করে 'গ্রিনপিস' রাখা হয়। www.prebd.com

14. খাদ্যশক্তি কীসের মাধ্যমে পরিমাপ করা হয়?

- a) জুল b) কিলো জুল
c) ক্যালোরী d) কিলো ক্যালোরী **ans. D**

Solution: পুষ্টিবিজ্ঞানের একটি বহুল প্রচলিত শব্দ, 'কিলো ক্যালোরি' খাদ্যের শক্তির পরিমাণ প্রকাশ করার জন্য পরিমাপের একক হিসেবে ধার্য করা হয়। খাদ্য গ্রহণ বা পান করার সময় আমরা আমাদের দেহে শক্তি (ক্যালোরি) সরবরাহ করে থাকি যার পরিবর্তে দেহ নিজের বিভিন্ন ক্রিয়াকলাপের জন্য জ্বালানি হিসাবে সেই শক্তিকে ব্যবহার করে থাকে। একটি মানবদেহ যত বেশি ক্রিয়াকলাপ সম্পাদন করে ঠিক তত বেশি শক্তি বা ক্যালোরি ব্যবহার করা হয়। অধিকাংশ মানুষই 'ক্যালরি' শব্দটি শুধু খাদ্য বা পানিয়ার সাথে সম্পর্কিত বলে মনে করে থাকেন, কিন্তু প্রকৃত অর্থে যেকোন জিনিস যা শক্তি ধারণ করতে পারে তার মধ্যেই ক্যালরি উপস্থিত।

15. অতিবেগুনি রশ্মি কোথা থেকে আসে?

- a) চন্দ্র b) তারকা
c) সূর্য d) ব্লাক হোল **ans. C**

Solution: অতিবেগুনি রশ্মি সূর্য থেকে আসে। দুপুরের কাছাকাছি সময়ে সূর্য যখন সবচেয়ে উপরের দিকে থাকে, তখন সূর্যের অতিবেগুনি রশ্মি ভিটামিন 'ডি' তৈরিতে সবচেয়ে বেশি উপযোগী।

16. কম্পিউটার শব্দের অর্থ কী

- a) হিসাবকারী যন্ত্র b) বিমান চালানোর যন্ত্র
c) পরীক্ষার যন্ত্র d) গণনাকারী যন্ত্র **ans. D**

17. বৌদ্ধ ধর্মের বিখ্যাত নিদর্শন তক্ষশীলা কোথায় অবস্থিত?

- a) নেপাল b) শ্রীলংকা
c) পাকিস্তান d) থাইল্যান্ড **ans. C**

Solution: 'তক্ষশীলা' পাকিস্তানের পাঞ্জাব প্রদেশের রাওয়ালপিন্ডি জেলায় অবস্থিত গুরুত্বপূর্ণ প্রত্নতাত্ত্বিক স্থান।

• ১৯৮০ সালে তক্ষশীলাকে ইউনেস্কো ঐতিহ্যবাহী স্থান হিসেবে ঘোষণা করে।

18. কোথায় বস্তুর ওজন সবচেয়ে কম?

- a) ভূ-পৃষ্ঠে b) মেরু অঞ্চলে
c) নিরক্ষীয় অঞ্চলে d) পৃথিবীর কেন্দ্রে **ans. C**

Solution: নিরক্ষীয় বা বিষুবীয় অঞ্চলে বস্তুর ওজন সবচেয়ে কম। বস্তুর ওজন এর উপর ক্রিয়াশীল অভিকর্ষ ত্বরণের উপর নির্ভরশীল। g-এর তারতম্যকে ওজনের তারতম্য বলে। g-এর মান বাড়লে বস্তুর ওজন বাড়ে। g-এর মান কমলে বস্তুর ওজন কমে। মেরু অঞ্চলে বস্তুর ওজন সবচেয়ে বেশি। ভূ-পৃষ্ঠ হতে উপরে গেলে বস্তুর ওজন কমে। ভূ-কেন্দ্রে বস্তুর ওজন শূন্য। কারণ ভূকেন্দ্রে g-এর মান শূন্য। যখন কোন বস্তুকে বিষুবরেখা থেকে মেরুতে নেয়া হয় তখন তার ওজন বাড়ে। যখন কোন বস্তুকে মেরু থেকে বিষুব বা নিরক্ষীয় অঞ্চলে নেয়া হয় তখন তার ওজন কমে।

19. জাতীয় সংবিধান দিবস কত তারিখে পালিত হয়?

- a) ৩ ডিসেম্বর b) ৩ নভেম্বর
c) ৪ ডিসেম্বর d) ৪ নভেম্বর **ans. D**

Solution: বাংলাদেশ সংবিধান দিবস ৪ নভেম্বর ১৯৭২ সালের (১৮ কার্তিক ১৩৭৯) ৪ নভেম্বর গণপরিষদ কর্তৃক খসড়া সংবিধান গৃহীত হয়। তবে কার্যকর হয় ১৬ ডিসেম্বর। উল্লেখ্য,

৩ ডিসেম্বর	৩ নভেম্বর	৪ নভেম্বর
জাতীয় প্রতিবন্ধী দিবস	জেল হত্যা দিবস	সংবিধান দিবস

20. কোনটি উপদ্বীপ?

- a) জার্মান b) কোরিয়া
c) সৌদি আরব d) মিয়ানমার **ans. B**

Solution: কোরীয় উপদ্বীপ পূর্ব এশিয়ায় অবস্থিত একটি উপদ্বীপ। এর দক্ষিণাভিমুখ ১,১০০ কিলোমিটার (৬৮৪ মাইল) প্রসারিত যা এশিয়া মহাদেশ হয়ে প্রশান্ত মহাসাগররে মধ্যে, এটি পূর্বে জাপান সাগর দ্বারা এবং পশ্চিমে হলুদ সাগর দ্বারা বেষ্টিত।

21. ব্যাকটেরিয়া কী?

- a) জড়বস্তু b) প্রাণী
c) উদ্ভিদ d) অনুজীব **ans. D**

Solution: ওলন্দাজ বিজ্ঞানী অ্যান্টনি ফন লিউয়েন হুক ১৬৭৫ সালে সর্বপ্রথম ব্যাকটেরিয়া আবিষ্কার করেন। তিনি এর নাম দেন ক্ষুদ্র প্রাণী। ব্যাকটেরিয়া আদি নিউক্লিয়াসযুক্ত, অসবুজ, এককোষীয় আণুবীক্ষণিক জীব। জলে-স্থলে-বাতাসে সর্বত্র অসংখ্য ব্যাকটেরিয়া আছে। আমাদের অস্ত্রেও Escherichia coli ব্যাকটেরিয়া থাকে। উল্লেখ্য, ব্যাকটেরিয়ার গঠনবৈশিষ্ট্যঃ

এটি দণ্ডাকৃতির এবং এককোষী	এরা প্রাককেন্দ্রিক কোষ
মানুষ ও অন্যান্য প্রাণীর অস্ত্রে এবং মাটিতে বাস করে	এরা অবায়বীয় এবং স্পোর সৃষ্টিকারী

22. গ্রিনিচ মান সময় অপেক্ষা বাংলাদেশের সময় কত ঘন্টা আগে?

- a) ৬ ঘন্টা b) ৫ ঘন্টা
c) ৪ ঘন্টা d) ৩ ঘন্টা **ans. A**

Solution: গ্রিনিচ মানমন্দির থেকে বাংলাদেশের স্থানীয় সময় ব্যবধান '+৬' ঘন্টা। উল্লেখ্য, গ্রিনিচ মানমন্দির অবস্থিত যুক্তরাজ্যের লন্ডন শহরে। এই স্থান থেকে সময় পরিমাপের আদর্শ মান হিসেব করা হয়। গ্রিনিচ মান মন্দিরের নামানুসারে GMT বা গ্রিনিচ মিন টাইম ঠিক করা হয়। গ্রিনিচ মান সময় এমন একটি সময় পরিমাপক সিস্টেম যা মূলত সৌর সময়কে নির্দেশ করে। লন্ডনের উপকণ্ঠে গ্রিনিচ মানমন্দিরের উপর দিয়ে সুমেরু থেকে কুমেরু (উত্তর মেরু থেকে দক্ষিণ মেরু) পর্যন্ত যে রেখা কল্পনা করা হয় তাকে মূল মধ্যরেখা বলে। মূল মধ্যরেখার দ্রাঘিমা 0°। এটি ১৮৮৪ সালে স্থির করা হয়।

23. বিশ্ব অটিজম দিবস কবে পালিত হয়?

- a) ২ এপ্রিল b) ২ ফেব্রুয়ারি
c) ২ জুন d) ২ জুলাই **ans. A**

Solution: বিশ্ব অটিজম সচেতনতা দিবস আন্তর্জাতিকভাবে স্বীকৃত একটি দিবস যা প্রতিবছর ২ এপ্রিল পালিত হয়। দিবসটি জাতিসংঘ সাধারণ পরিষদ কর্তৃক ৬২/১৯৯ ধারা অনুযায়ী মনোনয়ন লাভ করে। বিশ্ব অটিজম দিবস স্বাস্থ্য-সংক্রান্ত জাতিসংঘের সাতটি দিবসের মধ্যে অন্যতম। উল্লেখ্য, ২ ফেব্রুয়ারি 'জাতীয় নিরাপদ খাদ্য দিবস'।

24. বর্তমান বৃহত্তম ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?

- a) সমতট b) পুণ্ড্র
c) বঙ্গ d) হরিকেল **ans. C**

Solution: ঢাকা, কুষ্টিয়া, ফরিদপুর, পাবনা, ময়মনসিংহ জেলার পশ্চিমাঞ্চল, বৃহত্তর বগুড়া, বৃহত্তর কুমিল্লা ও নোয়াখালীর কিছু অংশ নিয়ে 'বঙ্গ' গঠিত হয়েছিল। 'বঙ্গ' থেকে 'বাঙালি' জাতির উৎপত্তি ঘটেছিল।

25. লোহিত সাগর কোন দুটি মহাদেশকে আলাদা করেছে?

- a) ইউরোপ ও আফ্রিকা b) এশিয়া ও ইউরোপ
c) এশিয়া ও অস্ট্রেলিয়া d) আফ্রিকা ও এশিয়া **ans. D**

Solution: এশিয়া ও আফ্রিকা মহাদেশকে পৃথক করেছে লোহিত সাগর যার সর্বোচ্চ গভীরতা ২,২১১ মিটার। এই লোহিত সাগরই Red Sea.

26. "To read between the lines" means-

- a) to concentrate
b) to read leaving space
c) to grasp the hidden meaning
d) to read quickly **ans. C**

Solution: Read between the lines (অন্তর্নিহিত অর্থ বোঝা; তাৎপর্য বোঝা)ঃ If you read his letter between the lines, you will find that he has no faith in my honesty. কিন্তু, To read quickly to save time অর্থ বাচানোর জন্য দ্রুত পড়া। To read carefully অর্থ সতর্কতার সাথে পড়া। To read only some lines অর্থ শুধু কিছু লাইন পড়া।

27. _____ mother rose in her. www.prebd.com

- a) the b) a
c) an d) no article **ans. A**

Solution: এখানে The mother হবে। অর্থটি এমন "তার মাঝে মাতৃত্ব বোধ জেগে উঠেছে।"

28. _____, I would have called her.

- a) If I saw him
b) If Rina had seen me
c) If Rina sees me
d) If Rina would see me **ans. B**

Solution: আমরা জানি, Third conditional বাক্যের নিয়ম হলোঃ If + subject + had + verb এর Past participle + subject + would / could / might + have + verb এর Past participle রূপ। বাক্যের অর্থঃ রিনা আমাকে দেখে থাকলে, আমি তাকে ডাকতাম।

29. Do you enjoy teaching? The underlined word is-

- a) noun b) participle
c) gerund d) pronoun **ans. C**

Solution: Be verb এরপর যা কোনো কাজের নাম বুঝাবে তা যদি 'ing' যুক্ত Verb হয় তবে তাকে Gerund বলে। এগুলো মূলত Verb এর Complement. যেমনঃ Be verb এর পর Reading, walking, waiting, running ইত্যাদি Complement বসতে পারে। যেমনঃ Hanjala's profession is teaching. বাক্যে Teaching হলো Gerund. উল্লেখ্য, যদি Noun এবং Verb এর কাজ করে তাহলে তাকে Gerund বলে।

30. English ____ across the world.
 a) has been spoken b) is speaking
 c) is spoken d) speaks **ans. C**

Solution: Passive voice এ সাহায্যকারী Verb is এরপর Speak পরিবর্তিত হয়ে Spoken হবে।
 বাক্যের অর্থঃ বিশ্বব্যাপী ইংরেজিতে কথা বলা হয়।

31. Who will help you? The passive form is-
 a) By whom will you be helped?
 b) By whom you will be helped?
 c) By whom will you helped?
 d) By whom would be helped? **ans. A**

Solution: Who যুক্ত বাক্যের Passive Voice এর Structure হলোঃ By whom + will + object কে Subject + be + verb এর Past participle রূপ + ?
 বাক্যের অর্থঃ কে তোমাকে সাহায্য করবে?

32. I am used ____ in crowded places.
 a) to study b) to studying
 c) to studied d) studing **ans. B**

Solution: বাক্যে Used to এর দুটি ব্যবহার আছেঃ
 i) Use to (do) অতীতে নিয়মিত কোন কাজ করা হতো কিন্তু বর্তমানে তা আর করা হয় না।
 ii) Be used to doing অথবা Get used to + verb + ing – অভ্যস্ত বুঝালে।
 বাক্যের অর্থঃ আমি কোলাহলপূর্ণ স্থান গুলোতে পড়তে অভ্যস্ত।

33. A speech full of many words is-
 a) a large speech
 b) am ornamental speech
 c) maiden speech
 d) a verbose speech **ans. D**

Solution: বাগাড়ম্বর পূর্ণ বক্তব্যকে বলা হয় Verbose speech. Big speech এর আক্ষরিক অর্থ দীর্ঘ বক্তৃতা হলেও এর ব্যবহার নেই। Maiden speech অর্থ পার্লামেন্টে নবাগত সদস্যের প্রথম ভাষণ। An unimportant speech অর্থ তুচ্ছ বক্তব্য।

34. The enemy gave in at last. Here “gave in” means-
 a) fled away b) fainted
 c) yielded d) moved back **ans. C**

Solution: বাক্যটিতে আত্মসমর্পণ করা বা নতি স্বীকার করা অর্থে ‘give in’ বসবে। এই ‘give in’ এর সমার্থক শব্দ হলো Surrender; yield; relinquish ইত্যাদি।
 নিচে Give দিয়ে কিছু Group verb দেয়া হলো যেগুলি প্রতিযোগিতামূলক পরীক্ষায় বরাবর আসেঃ

Give away অর্থ দান করা	Give back অর্থ ফেরৎ দেওয়া
Give in অর্থ বশ্যতা স্বীকার করা	Give out অর্থ ঘোষণা করা
Give out অর্থ ফুরিয়ে যাওয়া	Give up অর্থ পরিত্যাগ করা

বাক্যের অর্থঃ শেষ মুহূর্তে শত্রু বাহিনী পরাজয় স্বীকার করে নিল।

35. The phrase “get the axe” means-
 a) cut off relationship b) get an opportunity
 c) get a new job d) lose the job **ans. D**

Solution: Get the axe – চাকরী হতে বরখাস্ত হওয়া = lose the job

36. The spectator was a lady, ____?
 a) isn't he b) was she
 c) wasn't she d) was she not **ans. C**

Solution: বাক্যটি Affirmative হলে Tag question টি Negative হবে। বাক্যে যে Auxiliary verb থাকবে সেই Auxiliary verb টিই Tag question এর Verb হবে। একাধিক Auxiliary verb থাকলে প্রথমটি নিতে হবে।
 বাক্যের অর্থঃ দর্শক মহিলা ছিলেন, তাই না?

37. Now many women are working ____ home with men. www.prebd.com
 a) out b) off
 c) staying off d) outside **ans. D**

Solution: Working outside home দ্বারা ঘরে বাইরের কাজকে নির্দেশ করেছে। তাই সঠিক উত্তর d)।
 বাক্যের অর্থঃ এখন অনেক নারীই পুরুষের সাথে কাজ করছে।

38. The verb form of ‘deceit’ is-
 a) deceive b) decisive
 c) deceiving d) deceitful **ans. A**

Solution: Deceitful হলো Adjective যার অর্থ কপট; প্রতারণাপূর্ণ।
 Deceitful হলো Adverb যার অর্থ প্রতারণামূলকভাবে।
 Decisive হলো Adjective যার অর্থ চূড়ান্ত।

39. The singular form of ‘criteria’ is-
 a) criterium b) criterion
 c) criteri d) criterius **ans. B**

Solution: বিভিন্ন ভাষা থেকে ইংরেজি ভাষায় Foreign plural নিজেদের স্থান দখল করে নিয়েছে এবং বর্তমানে এরা ইংরেজি ভাষার অবিচ্ছেদ্য অংশ

Singular	Plural
Datum (উপাত্ত)	Data
Agendum (বিচার্য বিষয়/ আলোচ্য সূচি)	Agenda
Alumnus (প্রাক্তন ছাত্র)	Alumni
Appendix (পরিশিষ্ট)	Appendices
Axis (অক্ষ)	Axes
Bandit (দস্যু)	Bandits
Basis (ভিত্তি)	Bases
Bureau (সরকারি বিভাগ)	Bureaus
Cherub (স্বর্গীয় দূত)	Cherubs
Criterion (নির্ণায়ক)	Criteria
Erratum (ভুলের তালিকা)	Errata
Focus (কেন্দ্র)	Foci
Formula (সূত্র)	Formulas
Genus (গণ)	Genera

Hippopotamus (জলহস্তি)	Hippopotami
Locus (সঞ্চারণ পদ)	Loci/Locuses
Medium (মধ্যম)	Media
Memorandum (স্মারকলিপি)	Memoranda
Phenomenon (দৃশ্য বস্তু)	Phenomena
Oasis (মরুদ্যান)	Oases
Referendum (গণভোট)	Referenda
Hypothesis (অনুসিদ্ধান্ত)	Hypotheses
Genius (প্রতিভা)	Geniuses
Index (সূচক)	Indexes

40. The adjective form of 'contribution' is-
a) Contributative b) Contribute
c) Contributational d) Contributed **ans. D**

Solution: Contribution (noun) এর Adjective হলো Contributory যার অর্থ সহায়ক; প্রদানমূলক; চাঁদা ভিত্তিক।

41. Move and die. Make it simple:
a) If you move, you will die.
b) By moving you will die.
c) Without moving you will die
d) If you do not move, you will die. **ans. B**

Solution: Simple বা Complex এর Subject টি 2nd person হলে তার Compound sentence টি Present form দ্বারা আরম্ভ করতে হয়। কিন্তু Subject টি যদি 1st Person বা 3rd person হয় তবে Let + objective form + base form বসে। যেমনঃ

Simple	By moving, he will die.	Without moving, he will die.
Complex	If he moves, he will die.	If he does not move, he will die. Or, Unless he moves, he will die.
Compound	Let him move and he will die	Let him move or he will die.

বাক্যের অর্থ নড়লেই মরবে।

42. The synonym of 'intimate' is-
a) Weaken b) Depress
c) Encourage d) Frighten **ans. D**

Solution: Intimidate অর্থ ভয় দেখানো যার Synonym হলো Frighten. আর

Weaken	Depress	Encourage
দুর্বল করা	চাপ দেয়া; চাপা	সাহস দেয়া

আসুন, Intimate এর কিছু Synonym এবং Antonym দেখিঃ

Synonym	Bully, scare, threaten, terrify
Antonym	Soothe, console, comfort, reassure

43. Choose the correct answer:
a) A few number of students were present.
b) A few number of students was present.
c) A few number of students were present.
d) A small number of students were present **ans. A**

Solution: Both, many, (a) few, several, these, those, the numbers (two, three, four etc.) এই Determiner গুলো শুধুমাত্র Plural noun এর সাথে ব্যবহৃত হয়। যেমনঃ

I just have a few photos of my parents.

Hold on with both hands.

So few people attended.

We have invited a few friends to dinner.

It all happened many years ago.

বাক্যের অর্থঃ অল্প কিছু ছাত্র-ছাত্রী উপস্থিত ছিল।

44. The antonym of the word 'delete' is-
a) Start b) Delay
c) Insert d) Hide **ans. C**

Solution: Delete অর্থ তুলে দেয়া; মুছে দেয়া। Insert অর্থ প্রবেশ করানো; নিহিত করা। কিন্তু, Delay অর্থ দেরি। Trap অর্থ কাউকে প্রতারণা করবার পরিকল্পনা। Injure অর্থ আহত/ আঘাত করা।

45. "A letter is going to be written by me"-
Make it active: www.prebd.com

- a) I am going to write a letter.
b) I will write a letter.
c) I am writing a letter.
d) I will be going to write a letter. **ans. A**

Solution: Am/ is/ are/ was/ were + V₁ + ing + object যুক্ত Active কে Passive এ রূপান্তর করার নিয়ম হলোঃ

Active	Subject + am/ is/ are/ was/ were + V ₁ + ing + object.
Passive	Object টি Subject হয় + am/ is/ are/ was/ were + being + V ₃ + by + subject টি Object হয়।
N.B	Active voice টি Present continuous হলে 'am/ is/ are' এবং Past continuous হলে 'was/ were' বসে।

বাক্যের অর্থঃ আমি একটি চিঠি লিখতে যাচ্ছি।

46. Beat about the bush – এর সঠিক অনুবাদ:

- a) অথৈ সাগরে ভাসা
b) অন্ধের কিবা রাত্রি কিবা দিন
c) যেখানে দেখিবে ছাই উড়াইয়া দেখ তাই
d) তন্ন তন্ন করে খোঁজা **ans. Note**

Solution: Beat about the bush ফ্রেজটির অর্থ 'বাজে বকা'। অপশনে এটা না থাকায় সঠিক উত্তর হবে "অথৈ সাগরে ভাসা"। মানুষ যখন কোন কুল কিনারা পায় না তখন বাজে বকে।

47. ধূমপান স্বাস্থ্যের জন্য ক্ষতিকর- Correct translation in English:

- a) Smoking is bad for health.
b) Smoking is telling upon health.
c) Smoking was a bad habit.
d) Smoking is a dangerous for health. **ans. D**

48. He visits the school off and on. "Off and on" means:

- a) regularly b) frequently
c) never at all d) occasionally **ans. D**

Solution: Off and on অর্থ মাঝে মাঝে। এখানে Frequently অর্থ প্রায়ই। Rarely অর্থ কদাচিৎ।
বাক্যের অর্থঃ সে মাঝে মাঝে স্কুল পরিদর্শন করেন।

49. I have left the room but he (enter) the room:

- a) enters b) entered
c) has entered d) is entering **ans. C**

Solution: যদি কোন বাক্যে But Conjunction হিসেবে ব্যবহৃত হয় তাহলে এর উভয় পাশের Clause একই Tense হবে।
বাক্যের অর্থঃ আমি কক্ষ ত্যাগ করেছি কিন্তু সে কক্ষ প্রবেশ করেছে।

50. What is the time ___ your watch?

- a) in b) by
c) at d) to **ans. B**

Solution: ঘড়ি অনুসারে বা ঘড়িতে বুঝাতে 'in watch' না বসে 'by watch' বসে। অর্থাৎ সঠিক বাক্যটি হলোঃ What is the time by your watch. www.prebd.com
বাক্যের অর্থঃ তোমার ঘড়িতে কয়টা বাজে?

51. বাংলা ভাষার আদি নিদর্শন কোনটি?

- a) চর্যাপদ b) শ্রীকৃষ্ণ কীর্তন কাব্য
c) বঙ্গবাণী d) অন্নদামঙ্গল কাব্য **ans. A**

Solution: বাংলা ভাষার আদি নিদর্শন চর্যাপদ আবিষ্কৃত হয় ১৯০৭ সালে। ড. হরপ্রসাদ শাস্ত্রী ১৯০৭ সালে নেপালের রাজ গ্রন্থাগার থেকে চর্যাপদ আবিষ্কার করেন। ১৯১৬ সালে এই গ্রন্থটি বঙ্গীয় সাহিত্য পরিষদ থেকে প্রকাশিত হয়।

52. মধ্যযুগের শেষ কবি কে?

- a) আব্দুল হাকিম b) বড়ু চণ্ডীদাস
c) ভারত চন্দ্র রায় গুণাকর d) আলাওল **ans. C**

Solution: ভারতচন্দ্র রায়গুণাকর (১৭১২-১৭৬০) অষ্টাদশ শতাব্দীর শ্রেষ্ঠ বাঙালি কবি ও মঙ্গলকাব্যের সর্বশেষ কবি।
অন্নদামঙ্গল কাব্যের জন্য তিনি রায়গুণাকর উপাধি পান।

53. 'যুগসন্ধিক্ষণের কবি' হিসেবে পরিচিত কে?

- a) বিহারীলাল চক্রবর্তী b) ঈশ্বরচন্দ্র গুপ্ত
c) ভারতচন্দ্র রায়গুণাকর d) আলাওল **ans. B**

Solution: ১৭৬০ থেকে ১৮৬০ পর্যন্ত সময়কে যুগসন্ধিকাল বলে।
কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত এই সময়কালে বাংলা সাহিত্যে অসামান্য অবদান রেখেছেন বলে তাকে যুগসন্ধির কবি বলা হয়।

54. চতুর্দশপদী কবিতা বা সনেটের প্রবর্তক কে?

- a) মাইকেল মধুসূদন দত্ত b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) অমিয় চক্রবর্তী d) বিষ্ণু দে **ans. A**

Solution: মাইকেল মধুসূদন দত্ত-কে বাংলা সাহিত্যে আধুনিক প্রবর্তক, অমিত্রাক্ষরের প্রবর্তক, দত্তকুলোদ্ভব কবি এবং বাংলা সাহিত্যের প্রথম বিদ্রোহী কবি এবং সনেটের প্রবর্তক বলা হয়। বাংলা সাহিত্যের প্রথম সনেট সংকলন মাইকেল মধুসূদন রচিত 'চতুর্দশপদী কবিতাবলী' (১৮৬৬)। ১০২টি কবিতা সংকলিত হয়েছে।

55. কোনটি সঠিক বানান?

- a) নিশিথিনী b) নিশিথিনী
c) নিশীথিনী d) নিশিথিনি **ans. C**

Solution: সঠিক বানান হলো 'নিশীথিনী'। উল্লেখ্য, 'ঈ-কার' যুক্ত শব্দঃ

নিশীথিনী	নীচ	মরীচিকা	বীভৎস
নিমীলিত	নিপীড়িত	শারীরিক	সমীচীন
পীযুষ	প্রতীক	বীথি	শ্রীপদ
বাল্মীক	ক্ষীণজীবী	আশীর্বাদ	গরীয়সী
ঈষৎ	ক্ষুৎপীড়িত	গীতাঞ্জলি	উদীচী

56. 'রিক্সা' কোন ভাষার শব্দ?

- a) তুর্কি b) কোরিয়ান
c) জাপানি d) পর্তুগিজ **ans. C**

Solution: কয়েকটি জাপানি শব্দ: রিক্সা, হারিকেন, হারিকিরি, হান্নাহেনা, জুডো। উল্লেখ্য,

তুর্কি শব্দ	উজবুক, কোর্মা, তুর্কক, তোশক, বন্দুক, বাইজি (মূলশব্দ বাজি), বারুদ, সগোত, তোপ, কাবু, তকমা, কাঁচি, খাতুন, খা, বিবি, মুচলেকা, আলখেল্লা, চাকু, লাশ, বাবা, ঠাকুর, উর্দি, উর্দু, কুলি, কুরনিশ, খোকা, বাবুর্চি।
পর্তুগিজ শব্দ	আলপিন, আনারস, আলকাতরা, কেরানি, পেয়ারা, আলমারি, গির্জা, গুদাম, চাবি, পাউরুটি, পাদ্রি, বালতি, জানালা।

57. 'ভানুসিংহ' কার ছদ্মনাম?

- a) রবীন্দ্রনাথ ঠাকুর
b) কাজী নজরুল ইসলাম
c) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়
d) বলাই চাঁদ মুখোপাধ্যায় **ans. A**

Solution: রবীন্দ্রনাথ ঠাকুরের ছদ্মনাম ছিলো 'ভানুসিংহ ঠাকুর'।
নিচে আরো কিছু বিখ্যাত সাহিত্যিকদের প্রকৃত নাম ও ছদ্মনাম দেওয়া হলোঃ

প্রকৃত নাম	ছদ্ম নাম
কালী প্রসন্ন সিংহ	হুতোম পেঁচা
মালাধর বসু	গুণরাজ খান
বাহরাম খান	দৌলদ উজির
ঈশ্বরচন্দ্র গুপ্ত/ ঈশ্বরগুপ্ত	যুগ সন্ধিক্ষণের কবি
আব্দুল করিম	সাহিত্য বিশারদ
বিহারীলাল চক্রবর্তী	ভোরের পাখি
বলাইচাঁদ মুখোপাধ্যায়	বনফুল
বিমল ঘোষ	মৌমাছি
ড. মনিরুজ্জামান	হায়াৎ মাহমুদ
প্রমথ চৌধুরী	বীরবল
মীর মশাররফ হোসেন	গাজী মিয়া
জসীম উদ্দীন	তুজম্বর আলী
সমরেশ বসু	কালকূট
কাজেম আল কোরেশী	কায়কোবাদ
প্যারীচাঁদ মিত্র	টেকচাঁদ ঠাকুর
নীহাররঞ্জন	বান ভট্ট
শেখ আজিজুর রহমান	শওকত ওসমান
চারুচন্দ্র চক্রবর্তী	জরাসন্ধ
সুনীল গঙ্গোপাধ্যায়	নীললোহিত
অচিন্ত্য কুমার সেনগুপ্ত	নীহারিকা দেবী
রাজশেখর বসু	পরশুরাম

58. কত সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে 'জুলিও কুরি' পদকে ভূষিত করা হয়?
a) ১৯৬৮ b) ১৯৭১
c) ১৯৭২ d) ১৯৭৩ **ans. C**

Solution: শান্তিতে অবদান রাখার জন্য বিশ্ব শান্তি পরিষদ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে ১০ অক্টোবর, ১৯৭২ সালে 'জুলিও কুরি' পদকে ভূষিত করে। আর এই পুরস্কার প্রদান করা হয় ২৩ মে, ১৯৭৩ সালে।

59. 'সঞ্চয়িতা' কার রচনা?
a) মাইকেল মধুসূদন দত্ত b) রবীন্দ্রনাথ ঠাকুর
c) কাজী নজরুল ইসলাম d) জসীম উদ্দীন **ans. B**

Solution: 'সঞ্চয়িতা' (১৯৩১) রবীন্দ্রনাথ ঠাকুরের নিজ কবিতার সংকলন। কবিতাগুলি কালানুক্রমিকভাবে সজ্জিত। 'সন্ধ্যাসঙ্গীত' কাব্যগ্রন্থ থেকে কবিতাগুলি এতে সংকলিত হয়েছে। উল্লেখ্য,

সঞ্চয়িতা (কাব্যগ্রন্থ)	কাজী নজরুল ইসলাম
সঞ্চয়িতা (কাব্যগ্রন্থ)	রবীন্দ্রনাথ ঠাকুর
সঞ্চয়ন (প্রবন্ধ)	কাজী মোতাহার হোসেন

60. কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
a) মাসিক মোহাম্মদি b) সাপ্তাহিক বিজলী
c) দৈনিক নবযুগ d) ধূমকেতু **ans. B**

Solution: কাজী নজরুল ইসলামের 'বিদ্রোহী' কবিতাটি প্রথম প্রকাশিত হয় 'সাপ্তাহিক বিজলী'র ২২ পৌষ (১৩২৮) সংখ্যায়। উল্লেখ্য, কাজী নজরুল ইসলাম 'দৈনিক নবযুগ' (১৯২০) এর দৈনিক পত্রিকার যুগ্ম সম্পাদক ছিলেন। আর নজরুলের সম্পাদনায় 'ধূমকেতু' (১৯২২) অর্ধসাপ্তাহিক পত্রিকা বের হত। 'লাঙল' (১৯২৫) পত্রিকাটির প্রধান পরিচালক ছিলেন কাজী নজরুল ইসলাম এবং সম্পাদক ছিলেন মণিভূষণ মুখোপাধ্যায়।

61. 'পাবক' এর সমার্থক শব্দ কোনটি?
a) অগ্নি b) নয়ন
c) পুত্র d) অধিপতি **ans. A**

Solution: 'পাবক' ছাড়াও অগ্নি শব্দের অন্যান্য প্রতি শব্দগুলো হলঃ আগুন, বহি, অনল, হুতাশন, দহন, সর্বভূক, সর্বশক্তি ইত্যাদি। www.prebd.com


62. 'অলীক' এর বিপরীত শব্দ কোনটি?
a) মিথ্যা b) সত্য
c) সচল d) হিংসা **ans. B**

Solution: 'অলীক' এর বিপরীত শব্দ 'সত্য/ বাস্তব'। উল্লেখ্য

মূল শব্দ	বিপরীতার্থক শব্দ	মূল শব্দ	বিপরীতার্থক শব্দ
মিথ্যা	সত্য	সচল	নিশ্চল
হিংসা	অহিংসা	শীর্ণ	স্থূল
শোক	হর্ষ/আনন্দ	মহৎ	নীচ
ভদ্র	ইতর	ভূত	ভবিষ্যৎ
বিষাদ	প্রসাদ	বন্ধুর	মসৃণ
মর্ত্য	মর্ত্য	মৃত	বিমৃত
লাজুক	নির্লজ্জ	শীঘ্র	বিলম্ব

63. 'সুলতানার স্বপ্ন' বেগম রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত-
a) উপন্যাস b) কাব্যগ্রন্থ
c) প্রবন্ধ গ্রন্থ d) নাটক **ans. A**

Solution: 'সুলতানার স্বপ্ন' এবং 'পদ্মরাগ' এই দুটি উপন্যাস রোকেয়া সাখাওয়াত হোসেন ইংরেজিতে লিখেন। উল্লেখ্য, ভারতবর্ষের নারীবাদী লেখিকা রোকেয়া সাখাওয়াত হোসেন রচিত একটি উপন্যাস 'সুলতানার স্বপ্ন'। গ্রন্থটি ১৯০৫ সালে মাদ্রাজের 'দ্যা ইন্ডিয়ান লেডিজ' ম্যাগাজিনে সুলতানা'স ড্রিম শিরোনামে প্রথম প্রকাশিত হয়। ১৯০৮ সালে উপন্যাসটি পুস্তিকা আকারে প্রকাশিত হয়। উপন্যাসটি বাংলায় প্রথম প্রকাশিত হয় ১৯২২ সালে 'মতিচূর' ২য় খণ্ডে সুলতানার স্বপ্ন নামে।



64. 'বন্দী শিবির থেকে' গ্রন্থটি কার লেখা?
a) কাজী নজরুল ইসলাম b) শামসুর রাহমান
c) আহসান হাবীব d) আবুল হাসান **ans. B**

Solution: শামসুর রাহমানের 'বন্দী শিবির থেকে' এর অধিকাংশ কবিতা মুক্তিযুদ্ধকালে অবরুদ্ধ বাংলাদেশে এপ্রিল-ডিসেম্বর ১৯৭১ সময়ে রচিত। ১৯৭২ সালে জানুয়ারি মাসে কলকাতায় গ্রন্থটি প্রথম প্রকাশিত হয়। কাব্যগ্রন্থটি শুরুতে 'পূর্বলেখ' শিরোনামে একটি ভূমিকা সংযোজন করে কবি তাঁর কাব্য রচনার প্রেক্ষাপট বর্ণনা করেন। তাঁর উল্লেখযোগ্য কবিতাগুলো হলোঃ তোমাকে পাওয়ার জন্যে হে স্বাধীনতা, স্বাধীনতা তুমি, মধুস্মৃতি, রক্তাক্ত প্রান্তর ইত্যাদি। প্রতিটি কবিতায় স্বাধীনতা যুদ্ধকালীন আবেগ ও প্রত্যাশা ব্যক্ত করা হয়েছে। ১৯৭১ সালের শহিদদের স্মরণে এই গ্রন্থটি উৎসর্গ করা হয়েছে।

65. 'Ratio' শব্দটির পারিভাষিক রূপ কোনটি?
a) নিত্যক্রম b) ভগ্নাংশ
c) অনুপাত d) সারি **ans. C**

66. অর্থানুসারে শব্দ কত প্রকার?
a) ২ প্রকার b) ৩ প্রকার
c) ৪ প্রকার d) ৫ প্রকার **ans. B**

Solution: অর্থের পার্থক্য বিচারে শব্দ ৩ প্রকার। যথাঃ যৌগিক শব্দ, রুঢ় শব্দ এবং যোগরুঢ় শব্দ। উল্লেখ্য, উৎসমূলকভাবে শব্দকে ৫ ভাগে ভাগ করা যায়। আর গঠনমূলকভাবে শব্দকে ২ ভাগে ভাগ করা যায়।

67. 'বাবা বাড়ি নেই' বাক্যটিতে 'বাড়ি' কোন কারকে কোন বিভক্তি?
a) কর্তায় শূন্য b) করণে শূন্য
c) অপাদানে শূন্য d) অধিকরণে শূন্য **ans. D**

Solution: ক্রিয়ার আধারকে অধিকরণ কারক বলে। ক্রিয়ার আধার বলতে ক্রিয়া সংঘটিত হওয়ার স্থান, কাল, বিষয় ইত্যাদি বুঝিয়ে থাকে। যেমনঃ বাবা বাড়ি নেই; পানিতে মাছ আছে; শীতকালে পাতা ঝরে; সে গণিতে পটু। উল্লেখ্য, সকল কারকে প্রথমা বা শূন বিভক্তির কিছু উদাহরণ হলোঃ

কর্তায় শূন্য	শিমুল গান করে মধুর সরে।
কর্মে শূন্য	খিচড়ি খেতে মজা।
করণে শূন্য	তুলা ভরা বালিশে ঘুমাতে আরাম
সম্প্রদানে শূন্য	ভিক্ষুক ভিক্ষা চায় ঘরে
অপাদানে শূন্য	নিজাম ঢাকা ঘুরে এলো
অধিকরণে শূন্য	শুক্রবার স্কুল বন্ধ থাকে

68. 'তেপান্তর' কোন সমাসের উদাহরণ?

- a) দ্বন্দ্ব সমাস b) অব্যয়ীভাব সমাস
c) দ্বিগু সমাস d) কর্মধারয় সমাস **ans. C**

Solution: তেপান্তর = তিন প্রান্তরের সমাহার। উল্লেখ্য, সমাহার (সমষ্টি) বা মিলন অর্থে সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয়, তাকে দ্বিগু সমাস বলে। দ্বিগু সমাসে সমাসনিষ্পন্ন পদটি বিশেষ্য পদ হয়। যেমনঃ তিন কালের সমাহার = ত্রিকাল, চৌরাস্তার সমাহার = চৌরাস্তা, তিন মাথার সমাহার = তেমাথা, শত অন্দের সমাহার = শতান্দী, ত্রি (তিন) পদের সমাহার = ত্রিপদী, পঞ্চবটের সমাহার = পঞ্চবটী, ইত্যাদি। এরূপ অষ্টধাতু, চতুর্ভুজ, চতুরঙ্গ, ত্রিমোহিনী, তেরনদী, পঞ্চভূত, সাতসমুদ্র ইত্যাদি।

69. 'অন্যদিকে মন নেই যার' বাক্যটির এক কথায় প্রকাশ কোনটি? www.prebd.com

- a) অনন্যমনা b) অন্যপেক্ষ
c) অগত্যা d) অনন্যোপায় **ans. A**

Solution: 'অন্যদিকে মন নেই যার' বাক্যটির এক কথায় প্রকাশ হলো অনন্যমনা। উল্লেখ্য, 'অ' দিয়ে কিছু বাক্য সংকোচনঃ

অনেকের মধ্যে একজন = অন্যতম	অক্ষির সম্মুখে = প্রত্যক্ষ
অনেকের মধ্যে বেশি = অধিকতর	অক্ষির অগোচরে = পরোক্ষ
অকালে যে পেকেছে = অকালপক্ব	অতি দীর্ঘ নয় যা = নাতিদীর্ঘ
অগ্রে জন্মগ্রহণ করে যে = অগ্রজ	অপকার করতে ইচ্ছুক = অপচিকীর্ষু
অনুমানের দ্বারা জ্ঞাত = অনুমিত	অপকার করার ইচ্ছা = অপচিকীর্ষা

70. 'বনস্পতি' শব্দটির সন্ধি বিচ্ছেদ কোনটি?

- a) বনস + পতি b) বনঃ + পতি
c) বন + পতি d) বনো + পতি **ans. B**

Solution: কতগুলো সন্ধি নিপাতনে সিদ্ধ হয়ঃ আ + চর্য = আশ্চর্য; গো + পদ = গোপদ; বন + পতি = বনস্পতি; পর + পর = পরস্পর; মনস্ + ঈষা = মনীষা। এখানে, 'মনীষা' হলো নিপাতনে 'সিদ্ধ সন্ধি'।

71. 'কর্তব্য' শব্দের প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

- a) কব + তব্য b) কব্ + তব্য
c) কর্তা + অব্য d) কৃ + তব্য **ans. D**

Solution: সংস্কৃত কৃৎ প্রত্যয়ঃ তব্য (তব্যৎ)

আবশ্যিক বা কার, উচিত অর্থে বিশেষণ শব্দ গঠন করে। যেমনঃ	√বচ্ + তব্য = বক্তব্য; √কৃ + তব্য = কর্তব্য; √দা + তব্য = দাতব্য; √মন্ + তব্য = মন্তব্য; √দৃশ + তব্য = দ্রষ্টব্য; √শ্র্ + তব্য = শ্রোতব্য; √গম + তব্য = গন্তব্য ইত্যাদি।
---	--

72. উপসর্গ কোন জাতীয় শব্দাংশ?

- a) বিশেষ্য b) সর্বনাম
c) অব্যয় d) বিশেষণ **ans. C**

Solution: বাংলা ভাষায় এমন কতগুলো অব্যয়সূচক শব্দাংশ রয়েছে, যা স্বাধীন পদ হিসেবে বাক্যে ব্যবহৃত হতে পারে না। এগুলো অন্য শব্দের আগে বসে। এর প্রভাবে শব্দটির কয়েক ধরনের পরিবর্তন সাধিত হয়। যেমনঃ নতুন অর্থবোধক শব্দ তৈরি হয়; শব্দের অর্থের পূর্ণতা সাধিত হয়; শব্দের অর্থের সম্প্রসারণ ঘটে; শব্দের অর্থের সংকোচন ঘটে এবং শব্দের অর্থের পরিবর্তন ঘটে। ভাষায় ব্যবহৃত এসব অব্যয়সূচক শব্দাংশেরই নাম উপসর্গ।

73. 'আকাশ কুসুম' বাগধারাটির অর্থ কী?

- a) আকাজিকত বস্তু b) অপ্রত্যাশিত
c) প্রচুর ব্যবধান d) অসম্ভব কল্পনা **ans. D**

Solution: আকাশ কুসুম (অসম্ভব কল্পনা)ঃ আকাশ কুসুম চিন্তা করে কী হবে কোমর বেঁধে লেগে পড়। উল্লেখ্য, 'আ' দিয়ে কিছু গুরুত্বপূর্ণ বাগধারাঃ

অমাবস্যার চাঁদ = দুর্লভ বস্তু	অকালকুসুম = অসম্ভব জিনিস
অষ্টরম্বা = কাচকলা/ ফাঁকি	অপাট করা = বিশৃঙ্খলা করা
অভদ্রা লাগা = পড়া	অস্তবাস্ত = অতি ব্যস্ত
অর্ধচন্দ্র = গলাধাক্কা	অকূল পাথার = ভীষণ বিপদ
অদৃষ্টের পরিহাস = ভাগ্যের বিড়ম্বনা	অকাল কুণ্ডাণ্ড = অপদার্থ/ অকেজো

74. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন বিরাম চিহ্ন বসে?

- a) দাঁড়ি (|) b) কোলন (:)
c) সেমিকোলন (;) d) ড্যাস (—) **ans. C**

Solution: কমা (,) অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে সেমিকোলন (;) বসে।

সেমিকোলন (;)	কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে, সেমিকোলন বসে। যেমনঃ সংসারের মায়াজালে আবদ্ধ আমরা; এ মায়ার বাঁধন কি সত্যিই দুঃস্থেদ্য?
কোলন (:)	একটি অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে হলে কোলন ব্যবহৃত হয়। যেমনঃ সভায় সাব্যস্ত হলো: একমাস পরে নতুন সভাপতির নির্বাচন অনুষ্ঠিত হবে।
ড্যাস (—)	যৌগিক ও মিশ্র বাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা তার বেশি বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে ড্যাস চিহ্ন ব্যবহৃত হয়। যেমনঃ তোমরা দরিত্রের উপকার কর- এতে তোমাদের সম্মান যাবে না-বাড়বে।
কমা (,)	বাক্য পাঠকালে সুস্পষ্টতা বা অর্থ বিভাগ দেখানোর জন্য যেখানে স্বল্প বিরতির প্রয়োজন, সেখানে কমা ব্যবহৃত হয়। যেমনঃ সুখ চাও, সুখ পাবে পরিশ্রমে।

75. শরৎচন্দ্র চট্টোপাধ্যায় সম্মানসূচক ডি.লিট ডিগ্রি প্রদান করে কোন বিশ্ববিদ্যালয়?

- a) কলিকাতা বিশ্ববিদ্যালয় b) ঢাকা বিশ্ববিদ্যালয়
c) বিশ্বভারতী d) শান্তিনিকেতন **ans. B**

Solution: শরৎচন্দ্র চট্টোপাধ্যায় ১৯৩৬ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ডি.লিট উপাধি লাভ করেন এবং ১৯২৩ সালে কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে জগত্তারিণী স্বর্ণপদক।

76. ৯ জন শ্রমিক ৪ দিনে ১,৮০০ টাকা আয় করেন। ৬ জন শ্রমিক কত দিনে সমপরিমাণ অর্থ আয় করবেন?

- a) $\frac{১}{৩}$ b) ৬
c) ৯ d) ১৮ **ans. B**

Solution: ৯ জন শ্রমিক ১,৮০০ টাকা আয় করে = ৪ দিনে
∴ ১ জন শ্রমিক ১,৮০০ টাকা আয় করে = (৪×৯) দিনে
∴ ৬ জন শ্রমিক ১,৮০০ টাকা আয় করে = $\frac{৪ \times ৯}{৬} =$
৬ দিনে

77. পুত্র ও পিতার বর্তমান বয়সের পার্থক্য ২০ বছর। ৮ বছর পর তাদের বয়সের সমষ্টি ৭২ বছর হলে পুত্রের বর্তমান বয়স কত?

- a) ১৮ বছর b) ১৬ বছর
c) ১২ বছর d) ৮ বছর **ans. A**

Solution: ধরি, পুত্রের বর্তমান বয়স x বছর
∴ পিতার বর্তমান বয়স $(x + ২০)$ বছর
প্রশ্নমতে, $(x + ৮) + (x + ২০ + ৮) = ৭২$
⇒ $২x + ৩৬ = ৭২$
⇒ $২x = ৩৬$
∴ $x = ১৮$
অর্থাৎ পুত্রের বর্তমান বয়স ১৮ বছর।

78. ৬,৩০০ সংখ্যাটিকে কত দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে?

- a) ২ b) ৩
c) ৫ d) ৭ **ans. D**

Solution: এখানে, $৬৩০০ = ৩ \times ৩ \times ১০ \times ১০ \times ৭$
এখানে, (৩×৩) , (১০×১০) জোড়া আকারে আছে।
বিজোড়ায় আছে ৭
∴ ৭ দ্বারা গুণ করলে সংখ্যাটি পূর্ণবর্গ হবে।

79. একটি সমিতিতে যতজন সদস্য আছে প্রত্যেকে তত ১৫.০০ টাকা করে চাঁদা দেওয়ায় মোট ৭৩৫ টাকা হলো। সদস্য সংখ্যা কত?

- a) ৩ জন b) ৫ জন
c) ৭ জন d) ১৫ জন **ans. C**

Solution: ধরি, সমিতির মোট সদস্য সংখ্যা x জন
প্রশ্নমতে, $x \times ১৫ \times x = ৭৩৫$
⇒ $১৫x^2 = ৭৩৫$
⇒ $x^2 = \frac{৭৩৫}{১৫} = ৪৯$
∴ $x = \sqrt{৪৯} = \sqrt{৭^2} = ৭$ জন।
অর্থাৎ মোট সদস্য সংখ্যা ৭ জন।

80. সরলসুদে কোনো আসল ১২ বছরে সুদে-আসলে চারগুণ হলে সুদের হার কত?

- a) ৫% b) ১০%
c) ১২% d) ২৫% **ans. D**

Solution: ধরি, আসল ১০০ টাকা

∴ এই আসল সুদাসলে হবে = ৪০০ টাকা

∴ সুদ = $৪০০ - ১০০ = ৩০০$ টাকা

ধরি, সুদের হার $x\%$

প্রশ্নমতে, $\frac{১০০ \times x \times ১২}{১০০} = ৩০০$

⇒ $x = \frac{৩০০ \times ১০০}{১০০ \times ১২} = ২৫$

∴ $x = ২৫$

অর্থাৎ সুদের হার ২৫%

81. ২৪০ টাকায় ১২টি কমলা ক্রয় করে ২০০ টাকায় ৮টি কমলা বিক্রয় করলে শতকরা কত লাভ বা ক্ষতি হবে?

- a) ২৫% লাভ b) ২৫% ক্ষতি
c) ২০% লাভ d) ২০% ক্ষতি **ans. A**

Solution: ১২টি কমলার ক্রয়মূল্য = ২৪০ টাকা

∴ ১টি কমলার ক্রয়মূল্য = $\frac{২৪০}{১২} = ২০$ টাকা

∴ ৮টি কমলার ক্রয়মূল্য = $২০ \times ৮ = ১৬০$ টাকা।

এখন, বিক্রয়মূল্য ২০০ টাকা

∴ লাভ = $২০০ - ১৬০ = ৪০$ টাকা

অতএব, শতকরা লাভ = $\left(\frac{৪০}{১৬০} \times ১০০\right)\% = ২৫\%$

82. দুইটি সংখ্যার অনুপাত ৪ : ৫ এবং তাদের ল.সা.গু. ১৬০ হলে ক্ষুদ্রতর সংখ্যাটি কত?

- a) ৩২ b) ৪০
c) ৪২ d) ৪৫ **ans. A**

Solution: ধরি, একটি সংখ্যা $৫x$ এবং অপরটি $৪x$

∴ তাদের ল.সা.গু. = $৪ \times ৫ \times x = ২০x$

প্রশ্নমতে, $২০x = ১৬০$

∴ $x = \frac{১৬০}{২০} = ৮$

অতএব, ছোট সংখ্যাটি = $৮ \times ৪ = ৩২$

83. কোনো একটি শ্রেণিতে ১১ জন শিক্ষার্থীর বয়সের গড় ১৩ বছর। ৩ শিক্ষার্থী নতুন ভর্তি হওয়ায় বয়সের গড় হলো ১২ বছর। নতুন ৩ জন শিক্ষার্থীর বয়সের সমষ্টি কত বছর?

- a) ২৫ b) ৩৫
c) ৪৫ d) ৫২ **ans. A**

Solution: ১১ জনের গড় বয়স ১৩ হলে তাদের বয়সের সমষ্টি = $১১ \times ১৩ = ১৪৩$ বছর।

আবার, ১৪ জনের গড় বয়স ১২ হলে তাদের বয়সের সমষ্টি = $১৪ \times ১২ = ১৬৮$ বছর।

∴ নতুন ৩ জনের বয়সের সমষ্টি = $১৬৮ - ১৪৩ = ২৫$ বছর

84. ৫০ এবং ১০০ এর মধ্যবর্তী বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যাঘয়ের গড় কত?

- a) ৭৪ b) ৭৫
c) ৭৬ d) ৭৭ **ans. B**

Solution: ৫০ থেকে ১০০ এর মাঝে বৃহত্তম ও ক্ষুদ্রতম মৌলিক সংখ্যা যথাক্রমে ৪১ ও ৯৭।

$$\therefore \text{গড়} = \frac{৫০ + ৯৭}{২} = ৭৫$$

85. $\sec\theta = 2$ হলে $\cot\theta$ এর মান

- a) $\frac{1}{\sqrt{5}}$ b) $\frac{1}{\sqrt{3}}$
c) $\sqrt{3}$ d) $\sqrt{5}$

ans. B

Solution: দেয়া আছে, $\sec\theta = 2$

$$\Rightarrow \frac{1}{\cos\theta} = 2$$

$$\Rightarrow \cos\theta = \frac{1}{2}$$

$$\Rightarrow \cos\theta = \cos 60^\circ$$

$$\therefore \theta = 60^\circ$$

$$\text{অতএব, } \cot\theta = \cot 60^\circ = \frac{1}{\sqrt{3}}$$

86. $x + y + z = 7$ এবং $xy + yz + zx = 10$ হলে $x^2 + y^2 + z^2$ এর মান কত? www.prebd.com

- a) 29 b) 32
c) 35 d) 45

ans. A

Solution: আমরা জানি, $(x + y + z)^2 = x^2 + y^2 + z^2 + 2(xy + yz + zx)$

$$\Rightarrow 7^2 = x^2 + y^2 + z^2 + (2 \times 10)$$

$$\Rightarrow 49 = x^2 + y^2 + z^2 + 20$$

$$\Rightarrow x^2 + y^2 + z^2 = 49 - 20 = 29$$

$$\therefore x^2 + y^2 + z^2 = 29$$

87. $2 \times 4^{3x-5} = 512$ হলে x এর মান কত?

- a) 2 b) 3
c) 4 d) 5

ans. B

Solution: দেয়া আছে, $2 \times 4^{3x-5} = 512$

$$\Rightarrow 4^{3x-5} = \frac{512}{2} = 256$$

$$\Rightarrow 4^{3x-5} = 4^4$$

$$\Rightarrow 3x - 5 = 4$$

$$\Rightarrow 3x = 4 + 5 = 9$$

$$\therefore x = \frac{9}{3} = 3$$

88. $x^2 - 3x + 1 = 0$ হলে $\left(x - \frac{1}{x}\right)^4$ এর মান কত?

- a) 3 b) 7
c) 25 d) 52

ans. C

Solution: দেয়া আছে, $x^2 - 3x + 1 = 0$

$$\Rightarrow x^2 + 1 = 3x$$

$$\therefore x + \frac{1}{x} = 3$$

এখন আমরা জানি, $\left(x - \frac{1}{x}\right)^2 = \left(x + \frac{1}{x}\right)^2 - 4 \times x \times \frac{1}{x}$

$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 3^2 - 4 = 9 - 4 = 5$$

$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 5$$

$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^4 = 5^2 \quad [\text{বর্গ করে}]$$

$$\therefore \left(x - \frac{1}{x}\right)^4 = 25$$

89. $a + b = \sqrt{7}$, $a - b = \sqrt{3}$ হলে $5ab$ এর মান কত?

- a) $\sqrt{3}$ b) $\sqrt{7}$
c) 5 d) 7

ans. C

Solution: আমরা জানি, $4ab = (a + b)^2 - (a - b)^2$

$$\Rightarrow 4ab = (\sqrt{7})^2 - (\sqrt{3})^2 = 7 - 3 = 4$$

$$\Rightarrow ab = \frac{4}{4} = 1$$

$$\therefore 5ab = 1 \times 5 = 5$$

90. $\sqrt[3]{x} = \frac{1}{10}$ হলে x এর মান

- a) 0.00001 b) 0.0001
c) 0.001 d) 0.01

ans. C

Solution: দেয়া আছে, $\sqrt[3]{x} = \frac{1}{10}$

$$\Rightarrow x^{\frac{1}{3}} = \frac{1}{10}$$

$$\Rightarrow \left(x^{\frac{1}{3}}\right)^3 = \left(\frac{1}{10}\right)^3 = \frac{1}{1000} = 0.001$$

$$\therefore x = 0.001$$

91. $\log_{2\sqrt{2}} x = 4$ হলে x এর মান কত?

- a) 16 b) 32
c) 48 d) 64

ans. D

Solution: দেয়া আছে, $\log_{2\sqrt{2}} x = 4$

$$\Rightarrow x = (2\sqrt{2})^4 = 2^4 \times (\sqrt{2})^4$$

$$\therefore x = 16 \times 4 = 64$$

92. $x - \frac{1}{x} = 6$ হলে $\frac{x}{x^2 + 7x - 1}$ এর মান

- a) $\frac{1}{7}$ b) $\frac{1}{9}$
c) $\frac{1}{11}$ d) $\frac{1}{13}$

ans. D

Solution: দেয়া আছে, $\frac{x}{x^2 + 7x - 1} = \frac{1}{x\left(x + \frac{1}{x} + 2\right)}$

$$= \frac{1}{6+7} = \frac{1}{13}$$

93. $x - y = 3$ হলে $x^3 - y^3 - 9xy$ এর মান

- a) 27 b) 18
c) 9 d) 6 **ans. A**

Solution: দেয়া আছে, $x^3 - y^3 - 9xy = (x - y)^3 + 3xy(x - y) - 9xy$
 $= 3^3 + 3xy \times 3 - 9xy$
 $= 27 + 9xy - 9xy$
 $= 27$

94. একটি খুঁটির ছায়ার দৈর্ঘ্য তার উচ্চতার $\sqrt{3}$ গুণ হলে, সূর্যের উন্নতি কোণ-

- a) 30° b) 60°
c) 45° d) 90° **ans. A**


Solution: এখানে, খুঁটির দৈর্ঘ্য 1 একক হলে

ছায়ার দৈর্ঘ্য $\sqrt{3}$ একক

প্রশ্নমতে, $\tan\theta = \frac{1}{\sqrt{3}}$

$\Rightarrow \tan\theta = \tan 30^\circ$

$\therefore \theta = 30^\circ$



95. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে বর্গক্ষেত্রের পরিসীমা কত একক? www.prebd.com

- a) 4 b) 8
c) 16 d) 32 **ans. C**

Solution: দেয়া আছে, বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক

\therefore বর্গক্ষেত্রের একবাহু = 4 একক

\therefore বর্গক্ষেত্রের পরিসীমা = $4 \times 4 = 16$ একক।

96. একটি আয়তক্ষেত্রের পরিসীমা 44 মিটার। এর দৈর্ঘ্য, প্রস্থ অপেক্ষা 4 মিটার বেশি। উহার দৈর্ঘ্য ও প্রস্থের অনুপাত কত?

- a) 2 : 3 b) 5 : 6
c) 6 : 5 d) 13 : 9 **ans. D**

Solution: ধরি, প্রস্থ x মিটার

\therefore দৈর্ঘ্য $(x + 4)$ মিটার।

প্রশ্নমতে, $2(x + 4 + x) = 44$

$\Rightarrow 2(2x + 4) = 44$

$\Rightarrow 2x + 4 = 22$

$\therefore x = 9$

অর্থাৎ প্রস্থ 9 মিটার এবং দৈর্ঘ্য $(9 + 4) = 13$ মিটার।

\therefore নির্ণেয় অনুপাত = $13 : 9$

97. একটি ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহুদ্বয়ের দৈর্ঘ্য 10 সেমি. ও 8 সেমি.। উহার ক্ষেত্রফল 63 বর্গসেমি. হলে, সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কত সেমি?

- a) 7 b) 21
c) 21 d) 63 **ans. A**

Solution: জানা আছে, ট্রাপিজিয়ামের ক্ষেত্রফল = $\frac{1}{2} \times$

সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব \times সমান্তরাল বাহুদ্বয়ের সমষ্টি।

$\Rightarrow 63 = \frac{1}{2} \times (10 + 8) \times$ সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব

\Rightarrow সমান্তরাল বাহুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব = $\frac{63}{9} = 7$ একক

98. একটি বৃত্তের ক্ষেত্রফলের দ্বিগুণের সাথে পরিধির অনুপাত হলো-

- a) জ্যা b) ব্যাস
c) ব্যাসার্ধ d) বৃত্তকলা **ans. C**

Solution: Radius (ব্যাসার্ধ): বৃত্তের পরিধির যে কোন বিন্দু থেকে কেন্দ্র পর্যন্ত দূরত্বকে ব্যাসার্ধ (Radius) বলে। উল্লেখ্য,

Chord (জ্যা):	বৃত্তের পরিধিছ যে কোন দুই বিন্দুর সংযোজক সরলরেখাকে জ্যা (Chord) বলে। জ্যা-র দৈর্ঘ্য বিভিন্ন রকম হতে পারে। বৃত্তের দীর্ঘতম জ্যা-কে ব্যাস বলে।
Diameter (ব্যাস):	বৃত্তের পরিধিছ যে কোন দুই বিন্দুর সংযোজক সরলরেখা কেন্দ্রগামী হলে, তাকে বৃত্তটির ব্যাস (Diameter) বলে।
Sector (বৃত্তকলা):	বৃত্তের দুইটি ব্যাসার্ধ এবং সংশ্লিষ্ট বৃত্তচাপ দ্বারা সীমাবদ্ধ খণ্ডিত অংশকে বৃত্তকলা (Sector) বলে।

99. একটি বৃত্ত একই চাপের উপর অবস্থিত কেন্দ্রস্থ কোণ 140° হলে, উক্ত চাপের উপর অবস্থিত বৃত্তস্থ কোণের মান-

- a) 10° b) 60°
c) 70° d) 280° **ans. C**


Solution: জানা আছে, বৃত্তের একই চাপের উপর দণ্ডায়মান বৃত্তস্থ কোণ কেন্দ্রস্থ কোণের অর্ধেক।

তাই, বৃত্তস্থ কোণ = $\frac{140^\circ}{2} = 70^\circ$

100. ABCD রম্বসের $\angle ABC = 120^\circ$ এবং কর্ণদ্বয়ের ছেদবিন্দু O। $OE \perp AB$ হলে, $\angle BOE =$ কত?

- a) 30° b) 45°
c) 60° d) 120° **ans. A**

Solution: আসুন প্রশ্নানুযায়ী চিত্র আঁকিঃ



এখানে, $\angle ABC = 120^\circ$ হলে $\angle BOE = 60^\circ$

এখন $\triangle OBE$ হতে পাই,

$\angle OBE + \angle BOE + \angle OEB = 180^\circ$

$\Rightarrow 60^\circ + 90^\circ + \angle BOE = 180^\circ$

$\Rightarrow \angle BOE = 180^\circ - 150^\circ = 30^\circ$

$\therefore \angle BOE = 30^\circ$